

স্মারক নং-৪৬.০২.৪৬০০.০০০.৯৯.০৫১.২০-১০৭১

তারিখঃ ১১/১০/২০২২খ্রিঃ।

প্রতি,

উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলাঃ।
জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়ঃ এলজিইডির ল্যাবরেটরীতে পরীক্ষার জন্য উন্নয়নমূলক কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর Sample প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান প্রকৌশলী মহোদয়ের স্মারক নং-৪৬.০০০০.২১৩.৯৯.০০১.১৮-১৯৮, তারিখঃ ১০/১০/২০২২ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডির খাগড়াছড়ি জেলা ল্যাবরেটরীতে Concrete Cylinder, Brick, Cement, Sand, Bitumen ইত্যাদি পরীক্ষা করা হয়। এ ক্ষেত্রে বিভিন্ন উপজেলা থেকে Test এর প্রয়োজনীয় Sample প্রেরণ করা হয়ে থাকে। উপজেলা পর্যায় থেকে Sample প্রেরণের ক্ষেত্রে তদারককারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক Sample সংগ্রহপূর্বক যথাযথ Identification Tag প্রেরণ করে সীলগালা অবস্থায় এলজিইডির উপযুক্ত প্রতিনিধিদের মাধ্যমে জেলা ল্যাবরেটরীতে প্রেরণের জন্য সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। ইদানিং কিছু উপজেলা থেকে ঠিকাদারগণ অথবা তাঁর প্রতিনিধি Identification Tag ও সীলগালা ব্যতীত সরাসরি অত্র দপ্তরে Sample নিয়ে আসছেন। Identification Tag এবং এলজিইডির উপযুক্ত প্রতিনিধি ছাড়া প্রেরিত Sample আদৌ নির্মাণ কাজের সাইট থেকে সংগ্রহ করা হয়েছে কিনা তা নিয়ে জটিলতা দেখা দিচ্ছে। এছাড়া অনেকেই যথাসময়ে, যথাযথ পরিমাণে এবং Test Frequency অনুযায়ী Sample নিয়ে আসছেন না। অনেকক্ষেত্রে দেখা যায়, ল্যাব রিপোর্ট নিশ্চিত না করেই উপজেলা প্রকৌশলীগণ কাজের নির্দেশনা দিয়ে থাকেন যা কোন ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, উন্নয়নমূলক কাজের নির্মাণ সামগ্রী পরীক্ষার জন্য Sample প্রেরণের ক্ষেত্রে তদারককারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক যথাযথ Identification Tag প্রেরণ করে Sample সীলগালা অবস্থায় যথাসময়ে, যথাযথ পরিমাণে এবং Test Frequency অনুযায়ী Test Fee চালানোর মাধ্যমে জমা নিশ্চিত করতঃ এলজিইডির উপযুক্ত প্রতিনিধির নাম নমুনা স্বাক্ষরসহ পত্রে উল্লেখ করে Sample প্রেরণ করার জন্য নির্দেশ করা হলো।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি অঞ্চল, জেলাঃ রাঙ্গামাটি।
- ৩। প্রকল্প পরিচালক (সকল).....।
- ৪। ঠিকাদার (সকল).....খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। অফিস নথি।
- ৬। নিজস্ব ওয়েব সাইট এর নোটিশ বোর্ড।

১১/১০/২২

(মোঃ রফিকুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী

ফোন নং-০২-৩৩৩৩৪৩২৭৪

E-mail: xen.khagrachari@lged.gov.bd

১১/১০/২২